# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩৪তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ থিয়েটার ইনষ্টিটিউট, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪তম সাধারণ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে বিগত মাসের গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনে সদ্য প্রেষণে যোগদানকৃত রাজস্ব কর্মকর্তা মোঃ সাকির রাহমান সানি সভাসদগণের সকাশে তাঁর পরিচয় উপস্থাপন করলে সিটি কর্পোরেশন পরিবারে তাঁকে স্বাগত জানানো হয়।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৩তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান।

সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত সড়ক সংস্কার, জলাবদ্ধতা নিরসন, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. ৫নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন বলেন, চান্দগাঁও থানার কাজীর হাট এলাকায় হকার এবং অবৈধ সিএনজির দৌরাত্ম্য আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে যার ফলে সড়কে তীব্র যানজট সৃষ্টি হচ্ছে যা পূর্বেও সাধারণ সভায় উল্লেখ করা হয়েছে। তিনি এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভার মাধ্যমে সিএমপি কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

১.২. ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী বলেন, জন্মমৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামগুলো এখনো পর্যন্ত কাউন্সিলর কার্যালয়ে পাঠানো হয়নি। তিনি চসিক পরিচালিত স্কুল কলেজসমূহের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের এবং পরিচ্ছন্ন বিভাগের কর্মরত সুপারভাইজারদের শূণ্য পদে চাকরি স্থায়ী করনের জন্য কাউন্সিলরদের পক্ষ থেকে অনুরোধ জানান। তিনি রাস্তায় ফেলার আবর্জনা অপসারনের সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে স্থায়ী কমিটিতে আলোচনা না হওয়ার বিষয়ে জানতে চান এবং ১নং খতিয়ানের কবরস্থানগুলো সিটি কর্পোরেশনকে হস্তান্তরের জন্য জেলা প্রশাসনকে পত্র প্রেরণের অনুরোধ জানান।

১.৩ ৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জহুরুল আলম জসিম বলেন, আকবরশাহ, ফয়েজলেক এলাকার হকার উচ্ছেদের জন্য সংশ্লিষ্ট থানার ওসিকে অবহিত করা হলেও অদ্যাবধি কোন ব্যবস্থা নেয়া হয়নি। ব্যাটারিচালিত রিক্সা বন্ধেও কার্যকর কোন উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না।

১.৪ ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ডের কাউন্সিলর জনাব নিছার উদ্দিন আহমেদ তাঁরওয়ার্ডের ওয়াসার পানির প্রবাহ বৃদ্ধির ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। তিনি স্থায়ী কমিটির গৃহীত সিদ্ধান্তগুলো সঠিকভাবে বাস্তবায়নের জোর দাবী জানান।

১.৫ ১৩নং পাহাড়তলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী বিজ্ঞাপন বিল, ট্রাফ এর বিল আদায়, হোল্ডিং ট্যাক্সের ওয়ার্ডওয়ারী তালিকা প্রেরণের বিষয়ে অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা তা জানানোর জন্য সভাকে অনুরোধ জানান। তিনি দীর্ঘদিন অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করায় মাননীয় মেয়রকে কৃতজ্ঞতা জানান এবং যাদের এখনো স্থায়ীকরণ সম্পন্ন হয়নি তা সম্পন্ন করার অনুরোধ জানান।

১.৬. ২১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমন সিডিএ কর্তৃক কমার্শিয়াল কাম রেসিডেন্সিয়াল ভবনের অনুমোদনের ক্ষেত্রে পার্কিংয়ের বিষয়টি বিবেচনা করে নকশা অনুমোদন করা হচ্ছে কিনা তা সিডিএ প্রতিনিধির কাছে জানতে চান এবং বিল্ডিং এর স্ট্যাম্প গুলো থেকে নির্ধারিত কি সঠিকভাবে আদায় করা হচ্ছে কিনা তা জানতে চান।

১.৭.৩১নং আলকরণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবদুস সালাম মাসুম বলেন, হকারদের দৌরাত্ম্য নিউ মার্কেট,রেয়াজউদ্দিন বাজার এলাকায় সবচেয়ে বেশি। এ বিষয়ে সদ্য যোগদানকৃত কোতোয়ালী থানার ওসির সাথে আলোচনা হয়েছে। তিনি আসন্ন সংসদ নির্বাচনের পর এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের অভিমত জানান।

১.৮ ৩৩নং ফিরিঙ্গিবাজার ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাসান মুরাদ বলেন,বংশাল রোড থেকে সেন্টপ্লাসিড স্কুল পর্যন্ত হকার, ভ্যানগাড়ির কারনে যান চলাচল বাধাগ্রস্থ হচ্ছে। কোতোয়ালী মোড় থেকে ব্রীজঘাট পর্যন্ত যে গাড়িগুলো চলছে তার অতিরিক্ত গতিতে চলার কারনে দূর্ঘটনা ঘটছে। তিনি গাড়িগুলো বৈধ কিনা তা যাচাই করার জন্য সিএমপি প্রতিনিধিকে অনুরোধ জানান।

১.৯ ২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব গোলাম মো. জোবায়ের পশ্চিম মাদারবাড়ি শিব কবরস্থানএলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের অনুরোধ জানান।

১.১০ চট্টগ্রাম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জনাব আবু মুসা বলেন, বিউবো কর্তৃক ফেজ-২ প্রকল্পের কাজ চলমান থাকায় যত্রতত্র পড়ে থাকা বৈদ্যুতিক পোলসমূহ দ্রুত সরানোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।চসিকের প্রধান কার্যালয়ের সড়কে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও খালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিষ্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো দ্রুত সরানোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১.১১. চট্টগ্রাম ওয়াসার নির্বাহী প্রকৌশলী আবদুর রউফ বলেন, বিভিন্ন এলাকার ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামত করা হয়েছে। ১২নং ওয়ার্ডে সপ্তাহে ৩দিন রেশনিং পদ্ধতিতে সুপেয় পানি সরবরাহ করা হচ্ছে। তাছাড়া উক্ত ওয়ার্ডে পাইপ লাইন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। নালা ও বক্স কালভার্টের ভিতর দিয়ে বসানো ওয়াসার পাইপগুলোর তালিকাকারে প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান। ৩৭,৩৮,৩৯,৪০,৪১ নং উপকূলীয় ওয়ার্ডে ওয়াসা কর্তৃক সুপেয় পানির ব্যবস্থা করার জন্য প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

১.১২. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী জনাব রাজীব দাশ বলেন, ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে রাস্তা থেকে কমপক্ষে ৫ফিট ছেড়ে দেয়ার শর্তে অনুমতি দেয়া হয়। কিন্তু সিডিএ'র জনবল স্বল্পতার কারনে তা মনিটরিং যথাযথ হচ্ছে না বলে তিনি জানান। তিনি ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে রাজশাহী সিটি কর্পোরেশনের ন্যায় চট্টগ্রামে সিটি কর্পোরেশনের অনুমতি নেয়ার বিধান শীঘ্রই বাস্তবায়ন করা হবে মর্মে সভায় উল্লেখ করেন। তিনি বলেন, মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে জলাবদ্ধতা প্রকল্পের সিল্ট ট্রাপ করা হচ্ছে। পশ্চিম বাকলিয়া মৌসুমী আবাসিকের রাস্তার পার্শ্বে নির্মিত ড্রেনের স্লাব সরানো হয়েছে। সিডিএ জলাবদ্ধতা প্রকল্পের আওতায় কোতোয়ালী কবি

নজরুল ইসলাম সড়কে আলোকায়নের জন্য কোন প্রভিশন এ প্রকল্পে নেই। বায়েজিদ লিংক রোডে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় পাহাড়ের ঢাল ঠিক করা যাচ্ছিল না। সম্প্রতি পরিবেশ অধিদপ্তর, সিডিএ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক সমন্বয়ে কমিটি করা হয়েছে যাদের সিদ্ধান্ত অনুযায়ী বায়েজীদ লিংক রোডের কাজ শেষ করা হবে।

১.১৩ চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহকারি পুলিশ কমিশনার মোহাম্মদ কাজী হুমায়ুন রশীদআলাম, শহরের উপযুক্ত স্থানে পে-পার্কিং চালুকরনে মাননীয় মেয়রের সাথে সিএমপিকর্তৃপক্ষের ফলপ্রসু আলোচনা হয়েছে। তিনি হকারদের দৌরাত্ম কমাতে হলিডে মার্কেট চালুকরনের অনুরোধ জানান। তিনি আকবর শাহ,ফয়েজলেক এলাকায় হকার উচ্ছেদে সিএমপিকে চিঠি প্রদানের অনুরোধ জানান। তিনি ব্যাটারি চালিত রিক্সা বন্ধে রিক্সার চার্জিং পয়েন্টগুলো বন্ধ করতে অভিযান চালাতে অনুরোধ জানান। তিনি রাস্তার পাশে অবস্থিত ভবনগুলোর র‍্যাম্প করার কারণে ফুটপাতে জনগন ও প্রতিবন্ধীদের চলাচলে অসুবিধা হচ্ছে উল্লেখ করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান।

১.১৪ স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি ডাঃ সুমন বড়ুয়া বলেন, ডেঙ্গু মশা নিয়ন্ত্রনে স্বাস্থ্য বিভাগের নির্ধারিত করা মশার ঔষধের নাম চিঠির মাধ্যমে প্রেরনের ব্যবস্থা করা হচ্ছে। চসিকের স্বাস্থ্য সেবা রিপোর্টগুলো MIS সিষ্টেমে অন্তর্ভুক্ত করার জন্য আইডি পাসওয়ার্ড তৈরী হচ্ছে না অতিশীঘ্রই পাঠানো হবে। ডেঙ্গু পরিস্থিতি নিয়ে তিনি বলেন, বর্তমানে ডেঙ্গু আক্রান্তের হার নিম্নমুখী যা ক্রমশ আরো কমতে পারে বর্তমানে জেলায় প্রতিদিন গড়ে ১০০-১৫০ জন ডেঙ্গু পাওয়া যাচ্ছে।

১.১৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুশৃঙ্খল করার জন্য মাননীয় মেয়রের নির্দেশক্রমে এক মাসের জন্য রাত্রিকালীন আবর্জনা অপসারনের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি পরিচ্ছন্ন বিভাগের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নে সকল কাউন্সিলরের সহায়তা কামনা করেন।

১.১৬. চট্টগ্রাম সিটি কর্পোরেশনেরপ্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দায়িত্ব সম্পর্কিতস্থানীয় সরকার বিভাগের প্রেরিত নির্দেশাবলী পাঠ করে তা প্রতিপালনের জন্য অনুরোধ জানান। তিনি মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের বিদেশ গমন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের প্রেরিত একটি পত্র সম্পর্কে সভাকে অবহিত করেন। মন্ত্রনালয় কর্তৃক ছাড়কৃত ৭০৯ টি পদের বিপরীতে ইতোমধ্যে ২৫৯ জন কর্মচারীর স্থায়ীকরণ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

১.১৭ সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো.রেজাউল করিম চৌধুরী তার বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। বক্তব্যের শুরুতে সভাপতি আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সবাইকে নির্বাচনের বিধিমালা ও নিয়মকানুন মেনে চলার অনুরোধ জানান।

সভাপতি বলেন, সাধারণ জনগণ নগরীকে পরিচ্ছন্ন, আলোকিত, খানাখন্দকমুক্ত রাস্তাঘাট দেখতে চাই। তাই শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর রাস্তাঘাট সংস্কার কাজ সম্পন্ন করতে হবে।

প্রকৌশল বিভাগের উদ্দেশে সভাপতি বলেন,নগরীর ৪১টি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন কাজসমূহ চলমান শুষ্ক মৌসুমের মধ্যে টেকসইভাবে সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে ড্রেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার ও ওয়ার্ক অর্ডার সম্পন্ন করে সংস্কারের ব্যবস্থা করতে হবে।উন্নয়ন কাজের গুনগত মান বজায় রেখে সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা কাউন্সিলরদের নিবিড়ভাবে তদারকি করতে হবেএবং প্রকৌশল বিভাগকে প্রকল্পের ওয়ার্ক অর্ডার সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রেরণ করতে হবে। সভাপতি আন্দরকিল্লাস্থ চসিক প্রধান কার্যালয়ের নির্মাণ কাজ শুরু করার জন্য পুরাতন ভবনটি ভাঙ্গার কাজ দ্রুত শেষ করতে প্রকৌশল বিভাগকে নির্দেশ দেন। যান্ত্রিক বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, চসিকের গুরুত্বপূর্ণ কাজের স্বার্থে টেন্ডারকৃত গাড়িগুলো ক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে।পরিচ্ছন্ন বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আবর্জনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে যাতে বর্ষাকালে জলবদ্ধতা সৃষ্টি না হয়। সভাপতি নগরীর বড় ওয়ার্ডগুলোর মশক নিধন কর্মী বৃদ্ধি করে মশক নিধন কার্যক্রম জোরদার ভাবে পরিচালনার জন্য মশক নিধন কর্মকর্তাকে আরো তৎপর হতে নির্দেশ দেন।

জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগকে স্মরণীয় করে রাখার আহবান জানিয়ে সভাপতি বলেন,নগরীর সড়ক, ড্রেইন, বাই লেইন, গোল চত্বর সমূহ বীর মুক্তিযোদ্ধা নামে নামকরন এবং তাতে তাঁদের বীরত্বের কীর্তিগাথা সংবলিত ফলক ভবিষ্যৎ প্রজন্মের

অবলোকনের জন্য স্থাপন করতে প্রত্যেককে ভূমিকা রাখতে হবে। বীরমুক্তিযোদ্ধা অমল মিত্রের নামে ৩১নংওয়ার্ডের সদরঘাট সড়কের( অনুমানিক ১.০৫ কিলোমিটার) নামকরণের সিদ্ধান্ত সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়ায় তা চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

হকারদের কারণে সৃষ্ট বিশৃঙ্খলা প্রসঙ্গে সভাপতি বলেন, ফুটপাত ও গুরুত্বপূর্ণ সড়কে হকারদের অবস্থান থেকে বিরত রাখতে সপ্তাহের বৃহস্পতিবার, শুক্রবার ও শনিবার বন্ধ দিয়ে মার্কেট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। গুরুত্বপূর্ণ সড়ক, কমপ্লেক্সসহ বিপনন কেন্দ্রগুলো যাতে হকার মুক্ত রাস্তা হয় সে জন্য সিএমপিকে পত্র প্রেরণ করতে হবে এবং চসিকের জনবল দ্বারা অভিযান পরিচালনা করতে হবে।

নগরীতে ভবন নির্মাণের নিয়ম কানুন সংস্কার বিষয়ে সভাপতি বলেন, ভবন নির্মাণের ক্ষেত্রে সিডিএ ও চসিকের যৌথ অনুমোদন গ্রহণ প্রক্রিয়া বাস্তবায়ন করে সঠিক তদারকি নিশ্চিত করলেবিধি বিধানঅনুসরণপূর্বক নগরীতে সকল ভবনসমূহ নির্মিত হবে যাতে নগরীতে যানজট, জলাবদ্ধতাসহ অনেক নাগরিক দুর্ভোগপ্রশমিত হবে।

কাউন্সিলরদের উদ্দেশ্যে সভাপতি বলেন, সাধারণ নাগরিকদের যাতে কোনরূপ দুর্ভোগ পোহাতে না হয় সেজন্য জলাবদ্ধতা প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট কাউন্সিলরদের নিজ উদ্যোগে অবলোকন করে কাজের ত্রুটি বিচ্যুতি সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করতে হবে। সভাপতি চসিক জেনারেল হাসপাতালকে শিশু বিশেষজ্ঞ এসোসিয়েশনের সাথে যৌথভাবে বিশেষায়িত শিশু হাসপাতাল করার প্রস্তাব দেন এবং চসিক পরিচালিত প্রতিটি ওয়ার্ডের জরাজীর্ণ আরবান হেলথ কমপ্লেক্সগুলোর চলমান উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়নের নির্দেশ দেন।

সভাপতি শিশুর মানসিক বিকাশের জন্য নগরীর প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ, পার্ক গড়ে তুলতে উপযুক্ত স্থান নির্ধারনের জন্য কাউন্সিলরদের তৎপর হবার অনুরোধ জানান।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবা মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৯ অক্টোবর২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৩তম সাধারণ সভার কার্যবিবরণী সচিব সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৩তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভুক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা।

<u>৩:১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পিডিবি'র বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। | ১ স্টীল মিল বাজারসহ যত্রতত্র পড়ে থাকা বৈদ্যুতিক পোলসমূহ সরানোর ব্যবস্থা করতে হবে।<br>২। ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনা অব্যাহত রেখে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড<br>চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। পশ্চিম মাদারবাড়ি শিশু কবরস্থান, ফিরিঙ্গিবাজার নজরুল ইসলাম সড়ক, এয়ারপোর্ট ড্রাই ডকের সম্মুখসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ডে ওয়াসার লাইনে পর্যাপ্ত পানি প্রবাহ না থাকায় দ্রুত পানির প্রবাহ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক<br>চট্টগ্রাম ওয়াসা.<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চান্দগাঁও থানার কাজীর হাট এলাকায় রাস্তা দখল করে হকার এবং অবৈধ সিএনজির দৌরাত্ম্য মারাত্মকভাবে হারে বৃদ্ধি পাওয়ায় এতদঞ্চলে তীব্র যানজট সৃষ্টি হচ্ছে বিধায় এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। বহদ্দারহাট রোড থেকে সেন্টপ্লাসিড স্কুল পর্যন্ত হকার, ভ্যানগাড়ির কারণে যান চলাচল চলাচল বাধাগ্রস্থ হচ্ছে বিধায় পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। কোতোয়ালী মোড় থেকে ব্রীজঘাট পর্যন্ত গাড়ীগুলো অতিরিক্ত গতিতে চলার কারণে দুর্ঘটনা ঘটছে বিধায় গাড়িগুলো বৈধ কিনা তা যাচাই করার জন্য সিএমপি প্রতিনিধিকে অনুরোধ জানান।<br>৪। নিউ মার্কেট,রেয়াজউদ্দিন বাজার এলাকায় হকারের দৌরাত্ম্য সবচেয়ে বেশি বিধায় তা নিয়ন্ত্রণের বিষয়ে সিএমপির ট্রাফিক বিভাগজরুরিভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>২-৪। (ক)কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। নগরীতে যানজট, জলাবদ্ধতাসহ অনেক নাগরিক দুর্ভোগ প্রশমিত করতে ভবন নির্মানের ক্ষেত্রে সিডিএ ও চসিকের যৌথ অনুমোদন গ্রহণ প্রক্রিয়া দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>২। কমার্শিয়াল কাম রেসিডেন্সিয়াল ভবনের অনুমোদনের ক্ষেত্রে পার্কিংয়ের নকশা অনুমোদন এবং তা যথাযথ মনিটরিংয়ের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিডিএ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। লালখান বাজারের প্রস্তাবিত ফুটওভার ব্রিজটি চারদিক থেকে ব্যবহারের লক্ষ্যে চতুর্মুখি ওভারব্রিজ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১-২। ক)চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।<br><br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২ঃ প্রকৌশল বিভাগ

৩:২.১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন প্রকল্পেরআওতায় বাস্তবায়নাধীন প্রতিটি ওয়ার্ডে রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুটপাত,ওভারব্রীজসহ চলমান উন্নয়ন কাজ কার্যাদেশ অনুযায়ী যথাযথ বাস্তবায়নহচ্ছে কিনা তা নিয়মিত স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক তদারকি নিশ্চিতকরতেহবে। প্রকৌশল বিভাগকে প্রকল্পের কার্যাদেশ সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রদর্শন করতে হবে।<br>২। সাধারণ নাগরিকদেরযাতে কোনরূপ দূর্ভোগ পোহাতে না হয় সেজন্য জলাবদ্ধতা প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট কাউন্সিলরদের নিজ উদ্যোগে অবলোকন করে কাজের ত্রুটি বিচ্যুতি সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করতে হবে।<br>৩। চলমান শুষ্ক মৌসুমের মধ্যে ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে লেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার আহবান করে সংস্কারের ব্যবস্থা করতে হবে।<br>৪। আন্দরকিল্লাস্থ চসিক প্রধান কার্যালয়ের নির্মাণ কাজ শুরু করার জন্য পুরাতন ভবনটি ভাঙ্গার কাজ দ্রুত শেষ করতে হবে। | ১,২ (ক) সম্মানিত কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ)প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩-৫। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬-১০ (ক)প্রধান | |

| | | | |
|---|---|---|---|
| | ৫। তিইসি মোড়ের প্রস্তাবিত ফ্লাইওভার ডিজাইন পরিবর্তন করে চতুর্মুখি করে করতে হবে।<br>৬।চসিকের যেসব উন্নয়ন প্রকল্প চলমান আছে প্রত্যেকটিতে সাইন বোর্ড লাগিয়ে রাখতে হবে।<br>৭ জেনগণের নিবিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ খালের গাইডওয়াল,নালার উপর স্লাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্লাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগঅগ্রাধিকারভিত্তিতে জোনওয়ারী একার্যক্রম সম্পন্ন করবেন.এবং সম্পাদিত কাজেরঅগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভার উপস্থাপন করবেন।<br>৮ বাড়ৈইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও গাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে।বাকী একটি এলএ মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে হবে।<br><br>৯। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমান সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১০। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:২.২ যান্ত্রিক শাখা সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| ব্যাটারিচালিত রিক্সা সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনাতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। সোলারে রূপান্তরকারী এজেন্সির মাধ্যমে ব্যাটারি চালিত রিক্সা সমূহ সোলারে রূপান্তরিত করে লাইসেন্সপ্রদানের মাধ্যমে গাড়িগুলো সংখ্যা নিয়ন্ত্রণকরতে হবে; দুর্ঘটনারোধে সেন্সর স্থাপনের মাধ্যমে গতি নিয়ন্ত্রণ করতে হবে এবং গাড়িগুলো যত্রতত্র চলাচল নিয়ন্ত্রণ করতে হবে ওয়ার্ড ওয়ারী আলাদা আলাদা রঙের ড্রেসের ব্যবস্থা করতে হবে।<br>২ ।যান্ত্রিকের প্রয়োজনীয় ডাম্পট্রাক, পে-লোডার,চেইন ডুজারসহ প্রয়োজনীয় ইকুপমেন্ট ২৫০০কোটি টাকার প্রকল্পের বরাদ্ধ অনুযায়ী টেন্ডারেরমাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৩তম সাধারণ সভার সিদ্ধান্ত |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চকবাজার কাঁচাবাজারে দ্রুত বিদ্যুৎ সংযোগ দিতে হবে।<br>২। প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br>৪। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এসইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৩তম সাধারণ সভার সিদ্ধান্ত |

৩.৩ঃ রাজস্ব বিভাগ

৩:৩.১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. হকারদের পুর্ণবাসনে প্রয়োজনে হলিডে মার্কেট চালু করতে হবে।<br>২. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩. সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৫. কাষ্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬. অননুমোদিত স্থাবরসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৭. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) এস্টেট অফিসার চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৩তম সাধারণ সভার সিদ্ধান্ত |

## ৩:৪:ঃ পরিচ্ছন্নতা বিভাগ

৩:৪:১:ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১ যাতে বর্ষাকালে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আবর্জনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে ।<br>২ নগরীর বড় ওয়ার্ডগুলোর মশার নিধন কর্মী বৃদ্ধি করে মশক নিধন কার্যক্রম জোরদার ভাবে পরিচালনার জন্য মশক নিধন কর্মকর্তাকে আরো তৎপরতা সাথে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। আসন্ন শীত মৌসুমের জন্য আরও মশক নিধনের ওষুধমজুদ করে রাখতে হবে। স্প্রেম্যানদের নিয়মিত স্প্রে ও ফগিং কার্যক্রম কাউন্সিলরদের তদারকি করতে হবে।<br>৪। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবেএবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক)সম্মানিত কাউন্সিলরগন<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪।ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৫.১ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সচিবালয় বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চসিকের পরিচ্ছন্ন বিভাগ, চসিক পরিচালিত স্কুল কলেজসমূহের শিক্ষক, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ অন্যান্য পদে চাকরিরতদের ধারাবাহিকভাবে চাকরী স্থায়ীকরনের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আকবরশাহ্, ফয়েজলেক এলাকায় হকার উচ্ছেদের ক্ষেত্রে অদ্যাবধি কোন ব্যবস্থা নেয়া হয়নি বিধায় সিএমপি কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে।<br>৩।১নং হালিশহরের কবরস্থানগুলো সিটি কর্পোরেশনকে হস্তান্তরের জন্য জেলা প্রশাসনকে পত্র প্রেরণের অনুরোধ জানান।<br>৪। কার/ মোটরসাইকেল ঋণ প্রদানের ক্ষেত্রে সরকারি/ বেসরকারীবিভিন্ন সংস্থার নীতিমালা পর্যালোচনা করে যুগোপযোগী নীতিমালা প্রণয়নে কমিটি গঠন করতে হবে।<br>৫। প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে আউটসোর্সিং এর মাধ্যমে প্রকৌশলী / উপ-সহকারী প্রকৌশলী নিয়োগের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১ ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ)প্রধান শিক্ষা কর্মকর্তা(ভা.)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) প্রধান পরিচ্ছন্নকর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২-৫ ক) প্রধান নির্বাহী কর্মকর্তা | |

| | | | |
|---|---|---|---|
| | | চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৬:১:স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় স্বাস্থ্য সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। জন্মমৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় মালামালগুলোদ্রুত ওয়ার্ড অফিসে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>২। চসিক জেনারেল হাসপাতালকে শিশু বিশেষজ্ঞ এসোসিয়েশনের সাথে যৌথভাবে বিশেষায়িত শিশু হাসপাতালে পরিণত করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। চসিক পরিচালিত প্রতিটি ওয়ার্ডের জরাজীর্ণ আর্বান হেলথ কমপ্লেক্সগুলোর চলমান উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১,২ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩.ক)প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৭:১:ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।গুরুত্বপূর্ণ সড়ক, ফয়েজলেক সহ বিনোদন কেন্দ্রগুলো হকার মুক্ত রাখতে চসিকের জনবল দ্বারা অভিযান পরিচালনা করতে হবে।<br>২।ব্যাটারি চালিত রিক্সা নিয়ন্ত্রণে গাড়িগুলোর শোরুম ও রাস্তায় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৩। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>৪। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনিতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সভাসমূহে গৃহিত সিদ্ধান্ত |

৩:৮:১:নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সৌন্দর্যবর্ধনের জন্য মন্ত্রণালয়ে প্রেরিত সৌন্দর্যবর্ধন নীতিমালা দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সভাসমূহে গৃহিত সিদ্ধান্ত |

৩.৯আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ২২-১১-২০২৩খ্রিঃ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় বিগত সময়ে যেরূপ শান্তি ও সৌহার্দপূর্ণ পরিবেশ বজায় ছিল সেটি অক্ষুন্ন রাখার লক্ষ্যে অত্র সিটি কর্পোরেশনের কাউন্সিলরগনসহ সংশ্লিস্ট সকলে দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য এবং কোন অপতৎপরতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক মাননীয় মেয়র এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক।সভাপতি আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ। সম্মানিত কাউন্সিলর(সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ।নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.১০.১ সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটিরগৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| গত১৪নভেম্বর সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটির গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পাশেক্তি সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>১। শহীদ বুদ্ধিজীবি দিবস | মাননীয় মেয়র মহোদয় কর্তৃক ১৪ ডিসেম্বর সকাল ১০ টায় করেরাপের বধ্য-ভূমি স্মৃতিস্তম্ভে শহীদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ উপলক্ষে পুষ্পমাল্য অর্পণ করবেন। | সমাজকল্যাণ ও শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ, শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ ও স্থানীয় কাউন্সিলরবৃন্দ, প্রধান শিক্ষা কর্মকর্তা,তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী সিভিল ও (বালিক) ও নির্বাহী প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), জনসংযোগ কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী ৫ ও ২ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, সমাজকল্যাণ কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রধান শিক্ষক, অধ্যক্ষ ও স্কাউট শিক্ষকবৃন্দ। |
| ২। মহান বিজয় দিবস ২০২৩ যথাযথভাবে পালন | যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস- ২০২৩ উদযাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ও সিদ্ধান্ত গ্রহণ করেন।<br><br>কর্মসূচি :ক) কেন্দ্রীয় শহীদ মিনারে সূর্যোদয়ের সাথে সাথেএবং প্রধান ভবন সম্মুখস্থ বঙ্গবন্ধু প্রতিকৃতিতে সকাল ৭:৩০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পন।<br><br>খ) কর্পোরেশনের সকল স্কুল ও কলেজের গার্লস গাইড, স্কাউট, রোভার, রেঞ্জার, বিএনসিসি ও কাব এর কুচকাওয়াজে ও ডিসপ্লে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সালাম গ্রহণ করবেন মাননীয় মেয়র। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় সভাপতি হিসেবে বক্তব্য রাখবেন। কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে প্যারেড মাঠ, চকবাজার- সকাল ৮:৩০ মি.।<br><br>গ) শিশু কিশোর ছাত্র-ছাত্রীদের জন্য দেশাত্মবোধক গান, চিত্রাংকন, উপস্থিত বক্তৃতা, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। লালদিঘী পার্ক বা মিউনিসপ্যাল মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজে প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ঘ) সুষ্ঠুভাবে কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট উপ-কমিটি গুলো গঠন করবেন।<br><br>ঙ) ১৪ ডিসেম্বর কুচকাওয়াজ ও প্যারেডের মহড়া সম্পন্ন করার দিন ধার্য করা যায়।<br><br>চ) এ বিষয়ে স্কাউট, গার্লস গাইড, রোভার, রেঞ্জার শিক্ষকদের নিয়ে এক প্রস্তুতি মূলক সভায় অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়। এ উপলক্ষে বিগত বছরগুলো খরচাদি পর্যালোচনা পূর্বক দ্রব্য মূল্য বৃদ্ধিসহ সামগ্রীক বিবেচনায় যুক্ত করে নিম্নবর্ণিত ব্যয় বাজেট প্রণয়ন করেন।<br><br>➢ ফরম ও ফোল্ডার ছাপানো ২ হাজার পিস, স্টিকার, সনদপত্র<br>➢ ব্যানার প্রস্তুত করা ও ভিজিটাল ব্যানার<br>➢ বাস ভাড়া, মাইক ভাড়া, ডেকোরেশন<br>➢ ভিডিও মিডিয়ার জন্য ক্যাসেট তৈরী করণ চার্জ | (প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ১৪ ও ১৬ ডিসেম্বর সকাল ৭ টা থেকে ২টা পর্যন্ত কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠানে ১টি মেডিকাল টিম ও ১টি এ্যাম্বুলেন্স নিয়োজিত করা ওষধ ও আনুষাঙ্গিকসহ) |

| | | |
|---|---|---|
| | ➢ ফুল, শান্ত পার্টি, গ্যাস বেলুন<br>➢ মাঠ সাজসজ্জা-ফুল, বাঁশ, ব্রাশ<br>➢ ছাত্র/ছাত্রীদের মার্চ পাস্ট ৪৫০০ জনের আপ্যায়ন দুপুরের খাবার পানীয় জলের ব্যবস্থা<br>➢ পুরস্কার ডিসপ্লে,মার্চ পাস্ট ২দিন (মহড়াসহ)<br>➢ ৫টি বিষয়ে প্রতিযোগিতার পুরস্কার<br>➢ চিত্রাংকনের জন্য আর্ট পেপার<br>➢ প্রতিযোগিতা বিচারক সম্মানী ও সহযোগি সম্মানি<br>➢ বিচারক ও সহযোগি আপ্যায়ন খাবার/মিনারেল ওয়াটার<br>➢ নিরাপত্তা প্রহরী,প্রতিযোগিতার ৫টি বিষয়ে ও মহড়ায় ছাত্র-ছাত্রীদের খাবারের প্যাকেট<br>➢ মার্চ পাস্টের জন্য বাদ্য।<br>ছ) ১৬ ডিসেম্বর বিকেলে আলোচনা সভা ও প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান<br><br>জ) উক্ত খরচ বাবদ ২৫,৮৩,৯৪৫/- টাকা (১৭% ভ্যাট ও আয়কর সংযুক্ত)<br><br>একখানা বাজেট অনুমোদন করা হয়।<br><br>ঞ) বিকেলে একটি ফুটবল প্রীতি ম্যাচ আয়োজন করা যায়। | |
| ৩। বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা কর্মসূচি গ্রহণ ও বাজেট অনুমোদন | (ক) মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে খেতাব প্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধাও বীর মুক্তিযোদ্ধাবৃন্দকে গত বছরের ন্যায় সংবর্ধনা প্রদান করার সুপারিশ করা হয়। মাননীয় মেয়র মহোদয় উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে প্রতিজনকে ৫,০০০/- টাকা হারে ১২০ জনকে সম্মানী প্রদান। অন্যান্য অনুষ্ঠান খরচ বাবদ যথা ডেকোরেশন, হলভাড়া/কমিউনিটি সেন্টার/, বাবুর্চি, চা-কফি আপ্যায়ন বাবদ, ক্রেস্ট-সনদ পত্র,ফুলের স্টিক, আমন্ত্রণ পত্র, ডিজিটাল ব্যানার,ডকুমেন্টারী তৈরী, আগত অতিথি- বীর মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন ইত্যাদি বাবদ সর্বমোট = ১৭,১৯,৯০০/- টাকা (১৭% ভ্যাট ও আয়কর সংযুক্ত) বাজেট অনুমোদন করা হয়। মেয়র মহোদয় কর্তৃক ১৯/২০ ডিসেম্বর নির্ধারিত সময়ের মধ্যে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের সুপারিশ করা হয়।<br><br>খ) বীর মুক্তিযোদ্ধাদের সংগঠন ও প্রকৃত বীর মুক্তিযোদ্ধাদের সাথে যোগাযোগ পূর্বক মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মতে ব্যবস্থা গ্রহণ করতে হয়।<br><br>গ) ওয়ার্ড পর্যায়ে প্রকৃত মুক্তিযোদ্ধাদের মধ্যে ০১ জনের নাম প্রস্তুতির সুবিধার্থে আগামী ০৩ ডিসেম্বর এর মধ্যে পাঠানোর জন্য (বিগত ২০১৭ সাল থেকে ২০২২ পর্যন্ত যারা পেয়েছে তাদের নাম বাদে)সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত আসনে ওয়ার্ড কাউন্সিলরদের নিকট জরুরী চিঠি ইস্যুর করতে হয়।<br><br>ঘ) বীর মুক্তিযোদ্ধার উপস্থিতি নিশ্চিত করে পূর্বের ন্যায় পরিবারসহ আমন্ত্রনের করতে হবে।<br><br>ঙ) পূর্বের ন্যায় একটি ডকুমেন্টারী প্রস্তুতির জন্য আইটি/প্রোগ্রামার- অফিসার ইকবাল হাসানকে সমন্বয়ের দায়িত্ব দিতে হবে।<br><br>চ) ১৫-১৬ ডিসেম্বর গুরুত্বপূর্ন স্থাপনায় আলোকসজ্জা, রাস্তা ও গুরুত্বপূর্ন স্থানে সজ্জিতকরণ<br><br>ছ) ডিসপ্লে সমূহে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারী ও চলচিত্র প্রদর্শন। শিশু পার্ক সমূহে বিনামূল্যে শিশুদের আনন্দ ভ্রমন সু-ব্যবস্থাকরণ সহ মসজিদ-মন্দির-গীর্জা বিশেষ মোনাজাত ও প্রার্থনা ব্যবস্থা করণ। | সমাজকল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ, সচিব, প্রধান শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ও সমাজকল্যাণ কর্মকর্তা ও আইটি অফিসার।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), নগর পরিকল্পনাবিদ, এস্টেট অফিসার ও মাদ্রাসা পরিদর্শক। |

৩.১১. সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির ৩য় তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ২৬-১১-২০২৩ খ্রি সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির ৩য় তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সার্বিক সিদ্ধান্ত গৃহীত হয়। | বীর মুক্তিযোদ্ধা অমল মিত্রের নামে ৩১নং ওয়ার্ডের আলকরণ সড়কের (আনুমানিক ১.০০ কিলোমিটার) নামকরণের সিদ্ধান্ত সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়ায় তা চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হোক। | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও সদস্য সচিব সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপকমিটি | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৩- ৯৬৫৮/৯ তারিখ: ৩৮-১২-২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি
১৭। উপ-পরিচালক, বি.আর.টি.এ এর প্রতিনিধি
১৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-০৭ এর প্রতিনিধি
২০। কাউন্সিলর ..............................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল) ...................................................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। মাননীয় মেয়র এর একান্ত সচিব।
২৩। শাখা প্রধান(সকল)..........................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
টাইগার পাস, চট্টগ্রাম।

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪ তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রম নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | জনাব আব্দুস সবুর লিটন (প্যানেল মেয়র-১) | ২৫নং রামপুর ওয়ার্ড |
| ২. | মোহাম্মদ গিয়াস উদ্দিন ( প্যানেল মেয়র-২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ৩. | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ৪. | ফেরদৌস বেগম মুন্নী ( ১,২,৩) | সংরক্ষিত ওয়ার্ড-১ |
| ৫. | জেসমিন পারভীন জেসী (৭,৮) | সংরক্ষিত ওয়ার্ড-৩ |
| ৬. | তছলিমা বেগম ( নুরজাহান) (৯,১০,১৩) | সংরক্ষিত ওয়ার্ড- ৪ |
| ৭. | শাহীন আক্তার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৮. | রুমকি সেনগুপ্ত (১৬,২০,৩২) | সংরক্ষিত ওয়ার্ড নং-৭ |
| ৯. | জাহেদা বেগম পপি (১২,২৩,২৪) | সংরক্ষিত ওয়ার্ড-৯ |
| ১০. | হুরে আরা বেগম (১১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১০ |
| ১১. | ফেরদৌসি আকবর ( ২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১১ |
| ১২. | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী ( ৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১৩. | জনাব গাজী মোঃ শফিউল আজিম | ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১৪. | জনাব মোঃ সাহেদ ইকবাল (বাবু) | ০২নং জালালাবাদ ওয়ার্ড |
| ১৫. | জনাব মোঃ এসরারুল হক | ০৪ নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১৬. | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫ নং মোহরা ওয়ার্ড |
| ১৭. | জনাব এম আশরাফুল আলম | ০৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ১৮. | জনাব মোঃ মোবারক আলী | ০৭ নং পশ্চিম ষোল শহর ওয়ার্ড |
| ১৯. | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ২০. | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ২১. | জনাব মোহাম্মদ ইসমাইল | ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড |
| ২২. | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ২৩. | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী | ১৩নং পাহাড়তলী ওয়ার্ড |
| ২৪. | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ২৫. | [illegible] | [illegible] ওয়ার্ড |
| ২৬. | [illegible] | [illegible] পূর্ব বাকলিয়া ওয়ার্ড |
| ২৭. | [illegible] | [illegible] দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৮. | [illegible] | [illegible] ওয়ার্ড |
| ২৯. | [illegible] | [illegible] ওয়ার্ড |
| ৩০. | [illegible] | [illegible] ওয়ার্ড |
| ৩১. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ৩২. | জনাব মোঃ শেখ আসলাম আকবর চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ৩৩. | জনাব নাজমুল ইসলাম বাহাদুর | ২৮নং পাঠানটুলী ওয়ার্ড |
| ৩৪. | জনাব গোলাম মোঃ জোবায়ের | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৫. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৬. | জনাব আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩৭. | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩৮. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৯. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৪০. | জনাব মোঃ মোর্শেদ আলী | ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড |
| ৪১. | জনাব জিয়াউল হক সুমন | ৩৯নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড |
| ৪২. | জনাব ছালেহ আহম্মদ চৌধুরী | ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা

| ক্রম নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১ | মোহাম্মদ কাজী হুমায়ুন রশীদ | এডিসি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ। |
| ২ | আব্দুর রউফ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ |
| ৩ | রাজীব দাশ, | নির্বাহী প্রকৌঃ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৪ | মোহাম্মদ রশিদুর রহমান | সহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| ৫ | মোঃ সেরাজুদ্দীন | সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৬ | মোঃ আবু মুসা | উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| ৭ | ডা. সুমন বড়ুয়া | সহকারী পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর |
| ৮ | মোঃ আবদুল্লাহ আজম পাশা | উপ-সহকারী প্রকৌশলী, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ৯ | মোঃ খালেদুর রহমান | ডিএডি, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) |